Visit Our Website: all.talukdaracademy.com.bd



**সেট ৯**

| যুক্তবর্ণ | যুক্তবর্ণ বিভাজন | শব্দ |
|---|---|---|
| স্ট | স্ + ট | স্টেশন |
| শ্ব | শ্ + ব | বিশ্ববিদ্যালয় |
| দ্ব | দ্ + ব | বিদ্বান |
| ষ্ণ | ষ্ + ণ | সহিষ্ণু |
| ন্ত্র | ন্ + ত্ + ্র (র-ফলা) | মন্ত্র |

**সেট ১০**

| যুক্তবর্ণ | যুক্তবর্ণ বিভাজন | শব্দ |
|---|---|---|
| ক্ত | ক্ + ত | শক্ত |
| স্ম | স্ + ম | স্মরণ |
| ক্স | ক্ + স | বাক্স |
| জ্য | জ্ + য (য-ফলা) | রাজ্য |
| স্প | স্ + প | স্পষ্ট |

## প্রশ্নের ধরন ১৩ এককথায় প্রকাশ

*[৫টি প্রশ্ন থাকবে; সবগুলোর উত্তর দিতে হবে]* ১×৫ = ৫

**অ**

অন্যের অধীন— পরাধীন।
অন্যের উপকারে নিজের জীবন দান করেন যিনি—আত্মদানকারী।
অস্ত্রাদির সাহায্যে বুনো পশু পাখি বধ— শিকার।
অবশ্যই ঘটবে এমন— অবশ্যম্ভাবী।
অত্যধিক সাহস আছে এমন— দুঃসাহসী। *[প্রা.শি.স.প. ১৮]*
অল্প কথা বলে এমন— স্বল্পভাষী।
অগ্রভাগ সূক্ষ্ম এমন— তীক্ষ্ণ।
অনুসন্ধান করতে ইচ্ছুক— অনুসন্ধিৎসু।
অন্যের শ্রী দেখে কাতর হয় এমন— পরশ্রীকাতর।
অন্য দেশ— দেশান্তর। *[প্রা.শি.স.প. ১৯]*
অন্যায়ের শিকার— নির্যাতিত। *[প্রা.শি.স.প. ১৯]*
অল্প কথা বলে যে— অল্পভাষী। *[প্রা.শি.স.প. ১৬]*
অর্থ নেই যার— নিরর্থক। *[প্রা.শি.স.প. ১৬]*
অন্ত নেই যার— অনন্ত। *[প্রা.শি.স.প. ১৬]*
অনেকের মধ্যে একজন— অন্যতম।
অগ্রে জন্মে যে— অগ্রজ।
অহংকার নেই যার— নিরহংকার। *[প্রা.শি.স.প. ১৯; ১৮, ১৬, ১৫ ১৪; ০৯]*
অহংকার আছে যার— অহংকারী। *[প্রা.শি.স.প. ১০, ১২]*
অস্বীকার করা যায় না এমন— অনস্বীকার্য।
অক্ষির অগোচরে— পরোক্ষ।
অনেক লোককে বিনা অপরাধে মেরে ফেলা— গণহত্যা। *[প্রা.শি.স.প. ১৮]*
অক্ষির সমক্ষে বর্তমান— প্রত্যক্ষ। *[প্রা.শি.স.প. ১৭]*
অনেকের মধ্যে উত্তম — শ্রেষ্ঠ।
অতিশয় সম্মানীয়— মহামান্য

**আ**

আয় অনুসারে ব্যয় করে এমন— মিতব্যয়ী।
আট প্রহর পরার যোগ্য এমন— আটপৌরে।
আদি থেকে অন্ত পর্যন্ত— আদ্যন্ত।
আদব নেই যার — বেয়াদব।
আশ্রয় নেই যার— নিরাশ্রয়।
আমিষের অভাব— নিরামিষ।
আকাশে চরে যে/ আকাশে যে উড়ে বেড়ায়— খেচর। *[প্রা.শি.স.প. ১৮; প্রা. বৃ. প. ২৫]*
আকাশে গমন করে যে— খগ/বিহগ/বিহঙ্গ। *[প্রা.শি.স.প. ১৮]*
আটক অবস্থা যা— বন্ধ

**ই**

ইতিহাস রচনা করেন যিনি— ঐতিহাসিক।
ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি — ইতিহাসবিদ।
ইন্দ্রকে জয় করেছে যে— ইন্দ্রজিৎ।
ইসলাম ধর্মশাস্ত্র ও আরবি ভাষায় পারদর্শী ব্যক্তি— মৌলভী।

**ঈ**

ঈশ্বরের ভাব— ঐশ্বর্য।
ঈষৎ নীল এমন— নীলাভ।
ঈষৎ লাল এমন— লালচে।

**উ**

উপকারীর উপকার স্বীকার করে না এমন— অকৃতজ্ঞ।
উপকারীর অপকার করে এমন— কৃতঘ্ন।
উর্বর নয় এমন— অনুর্বর।
উপকার করেন যিনি— উপকারী। *[প্রা.শি.স.প. ০৯]*
উপায় নেই যার— নিরুপায়। *[প্রা.শি.স.প. ১৬]*

**এ**

একবার ফল দিয়ে মরে যায় এমন গাছ— ওষধি।
একের পরিবর্তে অন্য— বিকল্প।
একের সঙ্গে অন্যের— পরস্পর। *[প্রা.শি.স.প. ১৯, ১৮, ১৬]*
এক যুগের পর আরেক যুগ— যুগান্তর। *[প্রা.শি.স.প. ১৩]*
একধরনের ছোট্ট সাদা ঝিনুক— কড়ি। *[প্রা.শি.স.প. ১৮]*
একই মায়ের সন্তান— সহোদর।
একই গুরুর শিষ্য— সতীর্থ।
একসঙ্গে পাঠ করে এমন— সহপাঠী।
একত্রে অবস্থান— সমাবেশ। *[প্রা.শি.স.প. ১৯]*
একসঙ্গে হয়েছে এমন— সমবেত
এক দেশ থেকে অন্য দেশে যাওয়া— দেশান্তর

**ক**

কূলের সমীপে— উপকূল।
কাজ থেকে অবকাশ— ছুটি।
কোনো কাজ করার প্রয়াস— চেষ্টা।
কাপড় বোনার যন্ত্র— তাঁত।
কোনো কিছু করার মনোবাসনা — সংকল্প।
কুয়ার ব্যাঙের মতো বুদ্ধি যার— কূপমণ্ডূক।
কাঠের তৈরি খাট— খাটিয়া। *[প্রা.শি.স.প. ১৬]*
কোনোভাবেই পূরণ করা যায় না এমন— অপূরণীয়। *[প্রা.শি.স.প. ১৯, ১৩]*
কল্পনা করা যায় না এমন— অকল্পনীয়। *[প্রা.শি.স. প. ১৮, ১১, ০৯*
কানে কানে যে কথা— কানাকানি।
কোথাও উন্নত কোথাও অবনত— বন্ধুর। *[প্রা.শি.স.প. ১৯]*
কোনো রকম বিচার বিবেচনা ছাড়া— নির্বিচার। *[প্রা.শি.স.প. ১৮]*
কোথাও উঁচু কোথাও নিচু— বন্ধুর। *[প্রা.শি.স.প. ১৭]*
কোকিলের ডাক— কুহু।
কল্পনা করে লেখা কাহিনি— কল্পকাহিনি।
কৃষিকাজ করেন যিনি— কৃষক।
কুটিরে তৈরি হওয়া পণ্য নিয়ে যে শিল্প গড়ে ওঠে— কুটির শিল্প।
কিছু করার মনোবাসনা— সংকল্প



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



খ

খেতে ভালো লাগে এমন— সুস্বাদু/স্বাদ। [প্রা.পি.স.প. ১৯, ১৮]
খেতে স্বাদ নেই এমন— বিস্বাদ। [প্রা.পি.স.প. ১৮]
খেতে মজা নয় এমন— বিস্বাদ। [প্রা.পি.স.প. ১৯]

গ

গরু চরায় যে— রাখাল।
গুরুর কাছে শিক্ষা গ্রহণ করে যে— শিষ্য।
গুরুর ভাব— গরিমা।
গরু রাখার ঘর— গোয়াল।
গোপনে সংবাদ সংগ্রহ করে এমন— গুপ্তচর।
গোপন করার যোগ্য— গোপনীয়।

ঘ

ঘোড়া রাখার ঘর— আস্তাবল।
ঘুরছে এমন— ঘূর্ণায়মান।
ঘোড়ার ডাক— হ্রেষা।
ঘুমিয়ে আছে যে— ঘুমন্ত।

চ

চলে যাওয়ার সময়— বিদায়।
চাঁদ দ্বারা তৈরি বাটি— চাঁদের বাটি।
চাঁদের দেশ— চন্দ্রলোক। [প্রা. পি. স. প. ১৯]
চৈত্র মাসের ফসল— চৈতালি।
চিরকাল মনে রাখার যোগ্য এমন— চিরস্মরণীয়।
চোখে দেখতে পায় না এমন— অন্ধ। [প্রা.পি.স.প. ১৬]
চিরদিন মনে রাখার যোগ্য— চিরস্মরণীয়।
চার রাস্তার সমাহার— চৌরাস্তা।
চাষ করেন যিনি— চাষী।
চার প্রহর— চৌপর।
চারদিক জলে পূর্ণ— জলময়।
চূড়া করে বাঁধা চুল— ঝুঁটি

জ

জাহাজে বা নৌকায় কাজ করে এমন শ্রমিক— মাল্লা।
জীবনের শেষ যে হজ— বিদায় হজ।
জীবিত থেকেও মৃত এমন— জীবন্মৃত।
জানার ইচ্ছা— জিজ্ঞাসা।
জলে ও স্থলে বিচরণ করে এমন— উভচর।
জ্বলজ্বল করছে এমন— জাজ্বল্যমান।
জলে জন্মে এমন— জলজ।
জলে চরে যে— জলচর। [প্রা.পি.স.প. ১৮, ১৬]
জয়সূচক উৎসব— জয়োৎসব।
জনবসতি নেই এমন বিস্তীর্ণ ভূমি— প্রান্তর। [প্রা.পি.স.প. ১৮]
জানার ইচ্ছা— জিজ্ঞাসা। [প্রা.পি.স.প. ১৬]
জীবিকা নির্বাহের জন্য যে কাজ— পেশা।
জ্ঞানের তথ্য যে বইয়ে অভিধানের মতো সাজানো থাকে— বিশ্বকোষ।
জনমত গ্রহণের প্রক্রিয়া বিশেষ— নির্বাচন

ট

টাকা তৈরির কারখানা— টাঁকশাল।
[পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৩]

ড

ডুব দেওয়া যার পেশা— ডুবুরি

ত

তির ছুড়তে পারদর্শী— তিরন্দাজ।
তেজ বেশি যার— তেজস্বী/তেজি।
তালু থেকে জাত— তালব্য।
তলোয়ার দিয়ে যুদ্ধ করার যে বিদ্যা— অসি চালনা। [প্রা.পি.স.প. ১৮]
তন্তু দিয়ে বোনে যে— তাঁতি।
তনুর ভাব— তনিমা।

দ

দিন, তারিখ ইত্যাদি হিসাবের বই— পাঁজি।
দিনের শেষ ভাগ— সাঁঝ।
দেখতে খারাপ— কদাকার।
দেখতে মোটাতাজা— হৃষ্টপুষ্ট।
দেখার শক্তি— দৃষ্টিশক্তি।
দুবার জন্মে এমন— দ্বিজ।
দ্বিতীয় নেই যার— অদ্বিতীয়।
দমন করা যায় না যা— অদম্য। [প্রা.পি.স.প. ১৬]
দেশ চালায় যে— সরকার। [প্রা.পি.স.প. ১৬]
দেশকে ভালোবাসে যে— দেশপ্রেমিক।
দিনের প্রথম ভাগ— পূর্বাহ্ণ।
দিনের মধ্যভাগ— মধ্যাহ্ন।

ধ

ধারা বজায় রেখে চলে এমন— ধারাবাহিক।
ধ্যান করেন যিনি— ধ্যানী।
ধীর গতি— মন্থর।

ন

নতুন বছর— নববর্ষ।
নদীর ভিতর থেকে জেগে ওঠা ভূমি— চর।
ন্যায়ের পথে যুদ্ধ করতে মারা যান যিনি— শহিদ।
নিজেকে নিয়ে বড়াই— অহংকার।
নদী মাতা যার— নদীমাতৃক। [প্রা. পি. স. প. ১৯]
নানা ধরনের পাখি— পাখপাখালি। [প্রা.পি.স.প. ১৯, ১৮, ১৫]
নৌকা চালায় যে— মাঝি/মাল্লা।
নিজের জীবন উৎসর্গ করেছেন যিনি— আত্মোৎসর্গ/ আত্মদানকারী।
[প্রা.পি.স.প. ১৯, ১৮, ১৫]
নিজের জীবন উৎসর্গ করা— আত্মাহুতি।
নিজের অধিকার— স্বাধিকার।
নদী ও সাগরের ঢেউ— উর্মি। [প্রা.পি.স.প. ১৭]

প

প্রচণ্ড বেগে ঘুরতে থাকা বাতাস— ঘূর্ণি হাওয়া।
পানির প্রবল বেগ— পানির তোড়।
প্রাণিকুল বা উদ্ভিদের শ্রেণিবিশেষ— প্রজাতি।
প্রয়োজন নেই যা— অপ্রয়োজনীয়।
কুটিরে যে শিল্প গড়ে ওঠে— কুটির শিল্প।
পরের জন্য নিজের জীবন দেওয়া— আত্মত্যাগ।
পানি বা বাতাসের প্রচণ্ড ঘূর্ণন— ঘূর্ণিপাক।
পৃথিবীকে পরিক্রমণ করে এমন প্রাকৃতিক উপগ্রহ— চন্দ্র।
পরিমিত ব্যয় করে যে— মিতব্যয়ী। [প্রা.পি.স.প. ১৬]
পরিহার করা যায় না এমন— অপরিহার্য। [প্রা. পি. স. প. ১০, ১২]
প্রাচীর ঘেরা সেনানিবাস— দুর্গ। [প্রা.পি.স.প. ১৮]

বাংলা

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



পিতা হতে আগত— পৈতৃক।
পঙ্কে জন্মেছে যে— পঙ্কজ।
প্রশংসা করার যোগ্য— প্রশংসনীয়।
প্রবল প্রতাপের সঙ্গে— দাপুটে। *[প্রা.শি.স.প. ১৮]*
পান করার ইচ্ছা— পিপাসা। *[প্রা.শি.স.প. ১৯]*
প্রাণ আছে যার— প্রাণী।
পা থেকে মাথা পর্যন্ত— আপাদমস্তক।
প্রহরা দেয় যে— প্রহরী। *[প্রা.শি.স. প. ০৯]*
প্রতিভা আছে যার— প্রতিভাবান। *[প্রা.শি.স. প. ১১, ০৯]*
পাখির ডাকাডাকির আওয়াজ— কিচিরমিচির। *[প্রা.শি.স.প. ১৮]*
পরের অধীন— পরাধীন।

**ব**

বাংলা ভাষায় কথা বলেন যারা— বাঙালি।
বাতাসে ঘোরে এমন খেলনা— চরকি।
বিশেষ লক্ষ্য অর্জনের জন্য সংঘটিত সংগ্রাম— আন্দোলন।
বোঝে না এমন— অবুঝ।
বাছবিচার করা হয়নি এমন— নির্বিচার।
বালু দিয়ে তৈরি যে চর— বালুচর।
বাস করার স্থান— বসতি।
বৈচিত্র্য আছে যার— বৈচিত্র্যময়।
বনে বাস করে যে হাঁস— বন-হাঁস।
বাঁশ দিয়ে তৈরি দুর্গ— বাঁশের কেল্লা।
*[সিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]*
বন্য জীবজন্তুর প্রদর্শনশালা— চিড়িয়াখানা।
বিদ্যার নিমিত্তে যে আলয়— বিদ্যালয়।
বিফল হয় না এমন— অব্যর্থ।
বজ্রের মতো জোরালো আওয়াজ— বজ্রনির্ঘোষ।
বীরদের মধ্যে শ্রেষ্ঠ— বীরশ্রেষ্ঠ। *[প্রা. শি. স. প. ১৯]*
বেশি কথা বলে যে— বাচাল। *[প্রা.শি.স.প. ১৭]*
বিদেশে থাকে যে— প্রবাসী। *[প্রা.শি.স.প. ১৮; প্রা. বৃ. প. ২৫]*
বিচার নেই এমন— নির্বিচার। *[প্রা. শি. স. প. ১০]*
বিচার-বিবেচনা ছাড়া — নির্বিচারে। *[প্রা.শি.স.প ১৯, ১৮, ১৪]*
বেঁচে আছে এমন— জীবিত।
বরণ করার যোগ্য— বরেণ্য। *[প্রা.শি.স.প. ১৯, ১৮, ১৫; ১৩, ১২, ০৯]*
বনে বাস করে যে— বনবাসী।
বাড়িতে বাড়িতে ঘুরে জিনিসপত্র বিক্রি করে যারা— ফেরিওয়ালা। *[প্রা.শি.স.প. ১৮, ১৫]*
ব্যাকরণ জানেন যিনি— বৈয়াকরণ।
বিপদের আশাঙ্কা নেই এমন— নিরাপদ।
বাতাসের প্রচণ্ড ঘূর্ণন— ঘূর্ণিপাক

**ভ**

ভদ্র নয় যে— অভদ্র। *[প্রা.শি.স.প. ১৬]*
ভাসছে যা— ভাসমান।
ভয় নেই যার— নির্ভীক।
ভাবা যায় না এমন— অভাবনীয়। *[প্রা.শি.স.প. ০৯]*
ভাষা সম্পর্কে যিনি বিশেষ জ্ঞান রাখেন— ভাষাবিদ।
ভেদাভেদ তৈরি হয় এমন— বৈষম্য
ভাতের অভাব— হাভাত।
ভালো কাজে জীবন দান করেছে এমন— শহিদ। *[প্রা.শি.স.প. ১৯]*
ভিক্ষার অভাব— দুর্ভিক্ষ।
ভিন্ন দেশে যে বাস করে— প্রবাসী। *[প্রা.শি.স.প. ১৭]*

**ম**

মায়ের কাছে শেখা ভাষা— মাতৃভাষা।
মাছ ধরে জীবিকা নির্বাহ করেন যিনি— জেলে।
মাটি দিয়ে হাঁড়িকুড়ি তৈরি করেন যিনি— কুমার।
মায়ের বোন যে— মাসি।
মাটির উঁচু স্তূপ— পাহাড়।
মুদ্রা সংরক্ষিত রাখার স্থান— মুদ্রাভান্ডার।
মূল্য আছে যার— মূল্যবান।
মুক্তির জন্য যুদ্ধ করেন যিনি— মুক্তিযোদ্ধা।
মহান যে নবি— মহানবি।
মানব নিয়ে যে জাতি— মানবজাতি।
মুক্তির জন্য যে যুদ্ধ— মুক্তিযুদ্ধ।
মার্ক করার জিনিস— মার্কার।
মনের ইচ্ছা— শখ। *[প্রা.শি.স.প. ১৯]*
মমতা নেই যার— নির্মম।
মমতা আছে যে নারীর— মমতাময়ী। *[প্রা. শি. স. প. ১৯, ১৪]*
মহাকাশ পথে যে যান ব্যবহার করা হয়— নভোযান।
মাথা নত করে অভিবাদন করা — কুর্নিশ। *[প্রা.শি.স.প. ১৮]*
মরণ পর্যন্ত— আমরণ
মিষ্টি কথা বলে যে— মিষ্টভাষী।
মায়ের মতো যে ভূমি— মাতৃভূমি।
মেধা আছে যার— মেধাবী। *[প্রা. শি. স. প. ১৮, ১৫, ১০]*
মেধা আছে এমন যে জন— মেধাবী। *[প্রা.শি.স.প. ১৯, ১৮; প্রা. বৃ. প. ২৫]*
মহানবি (স)-এর জীবনের শেষ যে হজ— বিদায় হজ
মুসলিমদের চালু করা বছর— হিজরি
মূল্য নির্ধারণ করা যায় না এমন— অমূল্য।

**য**

যা পচে গেছে— পচা।
যা আগের দিনের— বাসি।
যা খেতে ভালো— সুস্বাদু/মজার খাবার।
যা আকারে বড়ো— বিশাল।
যা গৃহস্থালির জিনিসপত্র— তৈজসপত্র।
যার বিশেষ খ্যাতি আছে— বিখ্যাত।
যা শুদ্ধ ও কলুষিত নয়— পবিত্র।
যা অতি পুরাতন— প্রাচীন।
যা পাওয়া গেছে— প্রাপ্ত।
যা মলিন নয়— অমলিন।
যা হবেই— অবধারিত। *[প্রা.শি.স.প. ১৯, ১৫]*
যা বর্ণনা করা যায় না— অনির্বচনীয়।
যা পুনঃপুন দুলছে— দোদুল্যমান।
যা নিবারণ করা কষ্টকর— দুর্নিবার।
যা কষ্টে ভেদ করা যায়— দুর্ভেদ্য। *[প্রা.শি.স.প. ১৯, ১৮, ১৭]*
যা দেখা যায় না— অদৃশ্য।
যা স্থায়ী নয়— নশ্বর/অস্থায়ী।
যা জলে চরে— জলচর। *[প্রা.শি.স.প. ১৯]*
যা হবেই— অবধারিত। *[প্রা.শি.স.প. ১৯]*
যা জলে ও স্থলে চরে— উভচর।
যা মাটি ভেদ করে ওঠে— উদ্ভিদ।
যা লোপ পেয়েছে— বিলুপ্ত। *[প্রা.শি.স.প. ১৯, ১৮]*
যা সহজে লাভ করা যায়— সহজলভ্য।
যা আসল নয়— নকল।
যা কষ্টে লাভ করা যায়— দুর্লভ। *[প্রা.শি.স.প. ১৯, ১৮]*
যা পরে ঘটবে, তা আগে বলা— ভবিষ্যদ্বাণী।
যা করা প্রয়োজন— কর্তব্য। *[প্রা.শি.স.প. ১৫]*



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



যা পাওয়া গেছে— প্রাপ্ত। [প্রা.শি.স.প. ১৫, ১৬]
যার মন অস্থির— বিচলিত।
যার প্রাণ আছে— প্রাণী।
যারা একইসঙ্গে শিক্ষা গ্রহণ করে— সহপাঠী।
যার বিশেষ খ্যাতি আছে — বিখ্যাত।
যার মূল্য নির্ধারণ করা যায় না— অমূল্য। [প্রা.শি.স.প. ১৮, ১৭, ১৫]
যার সীমা নেই— অসীম/সীমাহীন।
যার দয়া নেই— নির্দয়।
যার তুলনা নেই— অতুলনীয়। [প্রা.শি.স.প. ১৯, ১৮]
যার অক্ষরজ্ঞান নেই— নিরক্ষর।
যার অন্ত নেই— অনন্ত।
যার কোনো কিছুতে ভয় নেই— অকুতোভয়।
যার শত্রু জন্মায়নি— অজাতশত্রু। [প্রা.শি.স.প. ১৯, ১৮]
যার জ্ঞান নেই— অজ্ঞান।
যারা শিক্ষা গ্রহণ করে— শিক্ষার্থী।
যার মন অস্থির— বিচলিত।
যার প্রাণ আছে— প্রাণী।
যার অহংকার নেই— নিরহংকার।
যাঁরা ইতিহাস লেখেন বা ভালো জানেন — ঐতিহাসিক/ ইতিহাসবেত্তা। [প্রা.শি.স.প. ১৯]
যিনি তাঁতে কাপড় বোনেন— তাঁতি।
যিনি পরিশ্রম করেন— পরিশ্রমী।
যিনি ব্যবসায় করেন — বণিক।
যিনি সকলের কাছে পরিচিত — সুপরিচিত।
যিনি চাষ করেন— চাষী।
যিনি শিক্ষা দান করেন— শিক্ষক।
যিনি মুক্তির জন্য যুদ্ধ করেন— মুক্তিযোদ্ধা। [প্রা.শি.স.প. ১৯]
যেখানে লোকজন বাস করে— লোকালয়। [প্রা. শি. স. প. ১০]
যে ঘরের চাল খড়ের তৈরি— খড়ের ঘর।
যে একইসঙ্গে শিক্ষা গ্রহণ করে— সহপাঠী।
যে ঘটনা অনিবার্য— অবধারিত।
যেখানে ভয় নেই— নিরাপদ।
যে বিদেশে থাকে— প্রবাসী।
যে অত্যাচার করে— অত্যাচারী।
যে অভিযান করে— অভিযাত্রী। [প্রা.শি.স.প. ১৫, ১৬]
যে উপকারীর উপকার স্বীকার করে— কৃতজ্ঞ। [প্রা.শি.স.প. ১২]
যে হিংসা করে— হিংসুক। [প্রা.শি.স.প. ১১]
যে সংবাদ বহন করে— দূত।
যে উপকারীর অপকার করে— কৃতঘ্ন। [প্রা.শি.স.প. ১১; প্রা. বৃ. প. ২৫]
যে গাছ অন্য গাছের ওপর জন্মায়— পরগাছা।
যে কাহিনি কল্পনা করে লেখা হয়— কল্পকাহিনি। [প্রা.শি.স.প. ১৯, ১৮]
যে পরে জন্মগ্রহণ করেছে— অনুজ।
যে ঘরের চাল খড়ের তৈরি— খড়ের ঘর।
যে বুঝতে চায় না— অবুঝ।
যে সত্য কথা বলে— সত্যবাদী।
যে বেশি কথা বলে— বাচাল। [প্রা.শি.স.প. ১৮, ১২, ১০; প্রা. বৃ. প. ২৫]
যে রাতে দেখে না— রাতকানা।

**র**

রাজার মতো— রাজসিক। [পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]
রাজার পুত্র— রাজপুত্র।
রাজার বাড়ি— রাজবাড়ি।
রাগ বেশি যার— রাগী।
রং দেবার তুলি— রং-তুলি।
রক্ত দিয়ে লাল করা হয়েছে এমন— রক্তরঞ্জিত। [প্রা.শি.স.প. ১৯, ১৮, ১৪, ১৬]
রাজা অথচ ঋষি— রাজর্ষি।
রেখা দিয়ে আঁকা ছবি— নকশা। [প্রা.শি.স.প. ১৮, ১১; ১৪]
রেললাইন ধরে চলে যে গাড়ি— রেলগাড়ি।

**ল**

লাভ করার ইচ্ছা— লিপ্সা।
লোকজনের বসতি রয়েছে এমন জায়গা— জনপদ। [প্রা.শি.স.প. ১৮, ১৫]
লোহার জিনিস তৈরি করেন যিনি— কামার।

**শ**

শক্তিশালী. সুরক্ষিত সামরিক স্থাপনা—দুর্গ।
শহিদদের স্মৃতিরক্ষায় যে মিনার— শহিদ মিনার।
শিক্ষাদান করেন যিনি – শিক্ষক।
শক্তি আছে যার— শক্তিধর। [প্রা.শি.স.প. ১৯, ১৭, ১৬]
শারীরিক পরিশ্রম করে— কায়ক্লেশে। [প্রা.শি.স.প. ১১]
শৈশব থেকে আরম্ভ করে— আশৈশব।
শাস্তি পাওয়ার যোগ্য— দণ্ডনীয়। [প্রা.শি.স.প. ১৫]
শুয়ে আছে এমন— শয়ান। [প্রা.শি.স.প. ১৫]
শত্রুসৈন্য সহজে প্রবেশ করতে পারে না এমন স্থান — দুর্গ।

**স**

সম্পদে পরিপূর্ণ— সমৃদ্ধ।
সংব্যাদ বহন করে আনেন যিনি— দূত।
সমুদ্রের তীরে বালুময় স্থান— বেলাভূমি। [প্রা.শি.স.প. ১৯, ১৬]
সংখ্যায় সবচেয়ে বেশি এমন— সংখ্যাধিক্য। [প্রা.শি.স.প. ১৩]
সংবাদ সংগ্রহ ও পরিবেশন যার পেশা — সাংবাদিক।
সম্পদে পরিপূর্ণ — সমৃদ্ধ।
সম্রাটের শাসনাধীন রাজ্য — সাম্রাজ্য।
সাধনা করেন যিনি— সাধক। [প্রা.শি.স. প. ০৯]
সোনালি রঙের বুনো লতা— স্বর্ণলতা। [প্রা.শি.স.প. ১৮, ১৫]
স্রষ্টাকে যে বিশ্বাস করে— আস্তিক।
স্রষ্টাকে যে বিশ্বাস করে না— নাস্তিক।
স্বাধীন নয়— পরাধীন। [প্রা.শি.স.প. ১৮]
স্মরণ রাখার যোগ্য— স্মরণীয়।
সাদরে গ্রহণ— বরণ। [প্রা.শি.স.প. ১৯, ১৮, ১৭]
সঞ্চরণ করা — সঞ্চারি।
সরকার বা ভূস্বামীকে দেওয়া কর— খাজনা।
সঙ্গে চলে যে— সঙ্গী।
সুরক্ষিত সামরিক স্থাপনা— দুর্গ।
সবুজ রঙের দামি রত্ন— পান্না।

**হ**

হাতেকলমে শিক্ষা বা দক্ষ করা— প্রশিক্ষণ। [পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়, ময়মনসিংহ ২০২৬]
হিসাব করে ব্যয় করে এমন— মিতব্যয়ী।
হিসাব করে ব্যয় করে না এমন— অমিতব্যয়ী।
হাতেকলমে শিক্ষা— হাতেখড়ি।
হরিণের চামড়া— অজিন। [প্রা.শি.স.প. ১৫]
হাতে পরার গহনা— কাঁকন। [প্রা.শি.স.প. ১৯]

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— সবগুলো এককথায় প্রকাশই পড়বে। তবে বিভিন্ন পরীক্ষায় আসা এককথায় প্রকাশগুলোর অধিক গুরুত্ব দিবে।

Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## নিজেকে যাচাই করি: এককথায় প্রকাশ

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ১৩-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ১০ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. অত্যধিক সাহস আছে এমন।
খ. উপকার করেন যিনি।
গ. একের সঙ্গে অন্যের।
ঘ. কোনো রকম বিচার বিবেচনা ছাড়া।
ঙ. কোথাও উঁচু কোথাও নিচু।

**সেট ২ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. অন্ত নেই যার।
খ. আকাশে চরে যে/ আকাশে যে উড়ে বেড়ায়।
গ. উপায় নেই যার।
ঘ. একত্রে অবস্থান।
ঙ. কল্পনা করা যায় না এমন।

**সেট ৩ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. চাঁদের দেশ।
খ. জনবসতি নেই এমন বিস্তীর্ণ ভূমি।
গ. দশ চালায় যে।
ঘ. নদী মাতা যার।
ঙ. প্রচণ্ড বেগে ঘুরতে থাকা বাতাস।

**সেট ৪ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. বেঁচে আছে এমন।
খ. ভাবা যায় না এমন।
গ. ভিন্ন দেশে যে বাস করে।
ঘ. মেধা আছে এমন যে জন।
ঙ. যা হবেই।

**সেট ৫ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. জয়সূচক উৎসব।
খ. তলোয়ার দিয়ে যুদ্ধ করার যে বিদ্যা।
গ. দেখার শক্তি।
ঘ. নদী ও সাগরের ঢেউ।
ঙ. পরিমিত ব্যয় করে যে।

**সেট ৬ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. প্রহরা দেয় যে।
খ. অর্থ নেই যার।
গ. অক্ষির সমক্ষে বর্তমান।
ঘ. কূলের সমীপে।
ঙ. কাঠের তৈরি খাট।

**সেট ৭ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. খেতে স্বাদ নেই এমন।
খ. ইতিহাস রচনা করেন যিনি।
গ. কোথাও উন্নত কোথাও অবনত।
ঘ. জানার ইচ্ছা।
ঙ. নানা ধরনের পাখি।

**সেট ৮ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. পরিহার করা যায় না এমন।
খ. চিরদিন মনে রাখার যোগ্য।
গ. জলে জন্মে এমন।
ঘ. নিজের জীবন উৎসর্গ করেছেন যিনি।
ঙ. পৃথিবীকে পরিক্রমণ করে এমন প্রাকৃতিক উপগ্রহ।

**সেট ৯ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. প্রবল প্রতাপের সঙ্গে।
খ. তির ছুড়তে পারদর্শী।
গ. দুবার জন্মে এমন।
ঘ. প্রাণ আছে যার।
ঙ. বিফল হয় না এমন।

**সেট ১০ নিচের বাক্যগুলোকে এক কথায় প্রকাশ করো: ১×৫ = ৫**

ক. ভিক্ষার অভাব।
খ. মূল্য আছে যার।
গ. যা আসল নয়।
ঘ. যা অতি পুরাতন।
ঙ. যার মন অস্থির।

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১**

ক. অত্যধিক সাহস আছে এমন— দুঃসাহসী।
খ. উপকার করেন যিনি— উপকারী।
গ. একের সঙ্গে অন্যের— পরস্পর।
ঘ. কোনো রকম বিচার বিবেচনা ছাড়া— নির্বিচার।
ঙ. কোথাও উঁচু কোথাও নিচু— বন্ধুর।

**সেট ২**

ক. অন্ত নেই যার— অনন্ত।
খ. আকাশে চরে যে/ আকাশে যে উড়ে বেড়ায়— খেচর।
গ. উপায় নেই যার— নিরুপায়।
ঘ. একত্রে অবস্থান— সমাবেশ।
ঙ. কল্পনা করা যায় না এমন— অকল্পনীয়।

**সেট ৩**

ক. চাঁদের দেশ— চন্দ্রলোক।
খ. জনবসতি নেই এমন বিস্তীর্ণ ভূমি— প্রান্তর।
গ. দশ চালায় যে— সরকার।
ঘ. নদী মাতা যার— নদীমাতৃক।
ঙ. প্রচণ্ড বেগে ঘুরতে থাকা বাতাস— ঘূর্ণি হাওয়া।

**সেট ৪**

ক. বেঁচে আছে এমন— জীবিত।
খ. ভাবা যায় না এমন— অভাবনীয়।
গ. ভিন্ন দেশে যে বাস করে— প্রবাসী।
ঘ. মেধা আছে এমন যে জন— মেধাবী।
ঙ. যা হবেই— অবধারিত।

**সেট ৫**

ক. জয়সূচক উৎসব— জয়োৎসব।
খ. তলোয়ার দিয়ে যুদ্ধ করার যে বিদ্যা— অসি চালনা।
গ. দেখার শক্তি— দৃষ্টিশক্তি।
ঘ. নদী ও সাগরের ঢেউ— ঊর্মি।
ঙ. পরিমিত ব্যয় করে যে— মিতব্যয়ী।

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**সেট ৬**

ক. প্রহরা দেয় যে— প্রহরী।
খ. অর্থ নেই যার— নিরর্থক।
গ. অক্ষির সমক্ষে বর্তমান— প্রত্যক্ষ।
ঘ. কূলের সমীপে— উপকূল।
ঙ. কাঠের তৈরি খাট— খাটিয়া।

**সেট ৭**

ক. খেতে স্বাদ নেই এমন— বিস্বাদ।
খ. ইতিহাস রচনা করেন যিনি— ঐতিহাসিক।
গ. কোথাও উন্নত কোথাও অবনত— বন্ধুর।
ঘ. জানার ইচ্ছা— জিজ্ঞাসা।
ঙ. নানা ধরনের পাখি— পাখপাখালি।

**সেট ৮**

ক. পরিহার করা যায় না এমন— অপরিহার্য।
খ. চিরদিন মনে রাখার যোগ্য— চিরস্মরণীয়।
গ. জলে জন্মে এমন— জলজ।
ঘ. নিজের জীবন উৎসর্গ করেছেন যিনি— আত্মোৎসর্গ/ আত্মদানকারী।
ঙ. পৃথিবীকে পরিক্রমণ করে এমন প্রাকৃতিক উপগ্রহ— চন্দ্র।

**সেট ৯**

ক. প্রবল প্রতাপের সঙ্গে— দাপুটে।
খ. তির ছুড়তে পারদর্শী— তিরন্দাজ।
গ. দুবার জন্মে এমন— দ্বিজ।
ঘ. প্রাণ আছে যার— প্রাণী।
ঙ. বিফল হয় না এমন— অব্যর্থ।

**সেট ১০**

ক. ভিক্ষার অভাব— দুর্ভিক্ষ।
খ. মূল্য আছে যার— মূল্যবান।
গ. যা আসল নয়— নকল।
ঘ. যা অতি পুরাতন — প্রাচীন।
ঙ. যার মন অস্থির— বিচলিত।

## প্রশ্নের ধরন ১৪ ফরম পূরণকরণ/ আবেদনপত্র লিখন

*(১টি প্রশ্ন থাকবে; ১টির উত্তর দিতে হবে)* ৫×১ = ৫

### ফরম পূরণকরণ

**প্রশ্ন-১** মনে করো, তুমি বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত একটি চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক। এজন্য একটি নিবন্ধন ফরম পূরণ করো।

**বিজয় দিবস চিত্রাঙ্কন প্রতিযোগিতা**
**নিবন্ধন ফরম**

১. প্রতিযোগীর নাম : রাজীব হাসান
২. (ক) মাতার নাম : মুনিরা সুলতানা
(খ) পিতার নাম : মাহমুদ হাসান
৩. জন্মতারিখ : ৫ জানুয়ারি ২০১৫
৪. শ্রেণি : পঞ্চম
৫. যোগাযোগের ঠিকানা : ১৪১ নং নালবাগ রোড
ঢাকা–১২০৫

**প্রশ্ন-২** মনে করো, তুমি তোমার স্কুলের স্কাউট দলের সদস্য হতে চাও। এজন্য একটি আবেদন ফরম পূরণ করো।

**আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা**
**স্কাউট সদস্য আবেদন ফরম**

১. আবেদনকারীর নাম : তামিম হোসেন
২. (ক) মাতার নাম : সৈয়দ মুনতারিনা
(খ) পিতার নাম : সৈয়দ নাঈম হোসেন
৩. জন্মতারিখ : ১৪ ডিসেম্বর ২০১৫
৪. শ্রেণি : পঞ্চম
৫. রক্তের গ্রুপ : AB (+)

**প্রশ্ন-৩** মনে করো, তোমার নাম সামিহা বিনতে আদনান। তুমি পঞ্চম শ্রেণিতে পড়ো। তুমি বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে সংগীত শিখতে চাও। এজন্য নিচের আবেদন ফরমটি পূরণ করো।

**বাংলাদেশ শিল্পকলা একাডেমি**
**সেগুনবাগিচা, ঢাকা**

১. আবেদনকারীর নাম
(বাংলায়) : সামিহা বিনতে আদনান
(ইংরেজিতে) : Samiha Binte Adnan
২. (ক) মাতার নাম : নাজনীন হায়দার
(খ) পিতার নাম : নাফিস আদনান
৩. জন্মতারিখ : ১ সেপ্টেম্বর ২০১৫
৪. যোগাযোগের ঠিকানা : ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা
৫. যে বিভাগে অংশগ্রহণে ইচ্ছুক (টিক চিহ্ন দাও):
☐ ছবি আঁকা ☐ নৃত্য ☐ আবৃত্তি ☑ সংগীত

**প্রশ্ন-৪** মনে করো, তোমার নাম অদিতি রায়। তুমি ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে পঞ্চম শ্রেণিতে পড়ো। তুমি 'বিশ্বসাহিত্য কেন্দ্রে'র পাঠচক্রের সদস্য হতে চাও। এজন্য নিচের নিবন্ধন ফরমটি পূরণ করো।

**বিশ্বসাহিত্য কেন্দ্র**
**১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা**

১. নাম : অদিতি রায়
২. (ক) মাতার নাম : তমালিকা রায়
(খ) পিতার নাম : অরুণ রায়
৩. জন্মতারিখ : ৭ অক্টোবর ২০১৫
৪. বিদ্যালয়ের নাম : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা
৫. শ্রেণি : পঞ্চম

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৫** মনে করো, তোমার নাম অপূর্ব অপু। তুমি রসুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ো। সম্প্রতি তুমি তোমার বিদ্যালয়ের বিতর্ক ক্লাবের সদস্য হতে আগ্রহী। এজন্য একটি আবেদন ফরম পূরণ করো।

রসুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মতলব, চাঁদপুর
বিতর্ক ক্লাব সদস্য ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | শিক্ষার্থীর নাম | : | অপূর্ব অপু |
| ২. | (ক) মায়ের নাম | : | মোনিয়া রহমান |
| | (খ) বাবার নাম | : | আবদুস সালাম |
| ৩. | জন্মতারিখ | : | ২ ফেব্রুয়ারি ২০১৫ |
| ৪. | শ্রেণি | : | পঞ্চম |

**প্রশ্ন-৬** তোমার এলাকায় নজরুল একাডেমিতে সদস্যপদ গ্রহণের জন্য নিচের ফরমটি পূরণ করো।

নজরুল একাডেমি, মগবাজার, ঢাকা
সদস্য ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | : | মাশরাফি রহমান |
| ২. | (ক) মাতার নাম | : | কাকলি খানম |
| | (খ) পিতার নাম | : | মিজানুর রহমান |
| ৩. | বিদ্যালয়ের নাম | : | মালিবাগ চৌধুরীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| ৪. | শ্রেণি | : | পঞ্চম |

**প্রশ্ন-৭** মনে করো, তুমি বেলেঘাটা প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তুমি মোহনগঞ্জ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হতে চাও। তোমার তথ্য দিয়ে নিচের ভর্তি ফরমটি পূরণ করো।

চট্টগ্রাম সরকারি বালক উচ্চ বিদ্যালয়
স্থাপিত: ১৯৩৫
ষষ্ঠ শ্রেণির ভর্তি ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম (বাংলা) | : | রুদ্র রায় |
| | (ইংরেজিতে) | : | RUDRA ROY |
| ২. | পিতার নাম | : | যতীন্দ্র রায় |
| ৩. | মাতার নাম | : | অনামিকা রায় |
| ৪. | বর্তমান ঠিকানা | : | গ্রাম/ সড়ক: চৌধুরীপুর, ডাকঘর: মোহনগঞ্জ থানা: মোহনগঞ্জ, জেলা: নেত্রকোনা |
| ৫. | মোবাইল নম্বর | : | ০১৭৫xxxxxxx |

রুদ্র রায়
শিক্ষার্থীর স্বাক্ষর — প্রধান শিক্ষকের স্বাক্ষর

**প্রশ্ন-৮** মনে করো, তুমি মুক্তা/ পরাগ। তুমি আসেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণি রোল নম্বর ৫। তুমি উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক। প্রদত্ত তথ্যের আলোকে নিচের ফরমটি পূরণ করো। *[প্রা. বি. স. প. ১৯]*

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রতিযোগীর নাম | : | পরাগ চৌধুরী |
| ২. | বিদ্যালয়ের নাম | : | আসেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| ৩. | শ্রেণি | : | পঞ্চম |
| ৪. | রোল নম্বর | : | ৫ |
| ৫. | প্রতিযোগিতার বিষয় | : | ভাষা আন্দোলন |

**প্রশ্ন-৯** মনে করো, তুমি সেনগ্রাম প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষার্থী, এখন তুমি এই বিদ্যালয়ের পাঠাগার থেকে বই নেওয়ার জন্য আবেদন করবে। এখন তুমি নিচের ফরমটি পূরণ করো।

সেনগ্রাম প্রাথমিক বিদ্যালয়
দেবহাটা, সাতক্ষীরা
পাঠাগার কার্ড

তারিখ: ১৭ মে ২০২৬ — স্মারক নং: ২৫/২০২৬

| | | | |
|---|---|---|---|
| ১. | শিক্ষার্থীর নাম | : | সাইফ ইসলাম |
| ২. | (ক) মাতার নাম | : | রিজিয়া পারভীন |
| | (খ) পিতার নাম | : | মো. সিরাজুল ইসলাম |
| ৩. | শ্রেণি | : | পঞ্চম |
| | শাখা | : | ক |
| | রোল নং | : | ৩ |
| ৪. | বইয়ের নাম | : | তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ |
| | লেখকের নাম | : | ড. মুস্তফা মহসীন |
| | বইয়ের কোড নং | : | ০০০২১৩৫ |
| ৫. | বই গ্রহণ ও ফেরতের তারিখ | : | গ্রহণ: ১৭ মে ২০২৬; ফেরত: ২৪ মে ২০২৬ |

**প্রশ্ন-১০** ধরো, তুমি তোমার এলাকার একটি ক্যারাটে ক্লাবের সদস্য হতে চাও। এজন্য একটি নিবন্ধন ফরম পূরণ করো।

আজিমপুর ক্যারাটে ক্লাব, ঢাকা
ভর্তি ফরম

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | : | জাকির হোসেন |
| ২. | (ক) মাতার নাম | : | রাশিদা বেগম |
| | (খ) পিতার নাম | : | জুবায়ের হোসেন |
| ৩. | বয়স | : | ১১ বছর |
| | উচ্চতা | : | ৪ ফুট ৫ ইঞ্চি |
| | ওজন | : | ২৯ কেজি |
| ৪. | যোগাযোগের ঠিকানা | : | ৩৫ নিউ পল্টন লেন, আজিমপুর ঢাকা–১২০৫ |
| ৫. | মোবাইল নম্বর | : | ০১৯১১–xxxxxx |

**সুপার সাজেশন**
পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— ১, ৫, ৭, ৯

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



## নিজেকে যাচাই করি: ফরম পূরণকরণ

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। প্রশ্নের ধরন ১৪-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ৪ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১** মনে করো, তুমি তোমার স্কুলের স্কাউট দলের সদস্য হতে চাও। এজন্য একটি আবেদন ফরম পূরণ করো। ৫

আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা
স্কাউট সদস্য আবেদন ফরম

১. আবেদনকারীর নাম :
২. (ক) মাতার নাম :
(খ) পিতার নাম :
৩. জন্মতারিখ :
৪. শ্রেণি :
৫. রক্তের গ্রুপ :

**সেট ২** মনে করো, তোমার নাম অদিতি রায়। তুমি ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে পঞ্চম শ্রেণিতে পড়ো। তুমি 'বিশ্বসাহিত্য কেন্দ্রে'র পাঠচক্রের সদস্য হতে চাও। এজন্য নিচের নিবন্ধন ফরমটি পূরণ করো। ৫

বিশ্বসাহিত্য কেন্দ্র
১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা

১. নাম :
২. (ক) মাতার নাম : তমালিকা রায়
(খ) পিতার নাম :
৩. জন্মতারিখ :
৪. বিদ্যালয়ের নাম :
৫. শ্রেণি :

**সেট ৩** তোমার এলাকায় নজরুল একাডেমিতে সদস্যপদ গ্রহণের জন্য নিচের ফরমটি পূরণ করো। ৫

নজরুল একাডেমি, মগবাজার, ঢাকা
সদস্য ফরম

১. নাম :
২. (ক) মাতার নাম :
(খ) পিতার নাম :
৩. বিদ্যালয়ের নাম :
৪. শ্রেণি :

**সেট ৪** মনে করো, তুমি মুক্তা/ পরাগ। তুমি আসেকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তোমার শ্রেণি রোল নম্বর ৫। তুমি উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক। প্রদত্ত তথ্যের আলোকে নিচের ফরমটি পূরণ করো। ৫

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ ফরম

১. প্রতিযোগীর নাম :
২. বিদ্যালয়ের নাম :
৩. শ্রেণি :
৪. রোল নম্বর :
৫. প্রতিযোগিতার বিষয় :

## উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১** | পৃষ্ঠা ১০৫, প্রশ্ন নং ২। **সেট ২** | পৃষ্ঠা ১০৫, প্রশ্ন নং ৪। **সেট ৩** | পৃষ্ঠা ১০৬, প্রশ্ন নং ৬। **সেট ৪** | পৃষ্ঠা ১০৬, প্রশ্ন নং ৮।

## আবেদনপত্র লিখন

**প্রশ্ন-১** বইমেলায় যাওয়ার জন্য সাময়িক ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখো। *[প্রা.বৃ.প. ২০২৫]*

১০ ফেব্রুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
আজিমপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়
ঢাকা

**বিষয়: বইমেলায় যাওয়ার জন্য সাময়িক ছুটি চেয়ে আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। একজন বইপ্রেমী হিসেবে বাংলা একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত বইমেলায় যেতে আমি অত্যন্ত আগ্রহী। উক্ত অনুষ্ঠানে আজ একটি কিশোর উপন্যাসের মোড়ক উন্মোচন ও লেখক আড্ডা হবে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে আমি নিজেকে সমৃদ্ধ করতে আগ্রহী। তাই আজ বেলা ১১টায় আমার সাময়িক ছুটি প্রয়োজন।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, উক্ত সাময়িক ছুটি প্রদান করে বাধিত করবেন।

নিবেদক
হাসনাইন জাহান
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ৩
আজিমপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঢাকা

**প্রশ্ন-২** মনে করো, তুমি দিনা/ দিহান। তুমি তারাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। মামার বাড়িতে যাওয়ার জন্য দুই দিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষক বরাবর আবেদনপত্র লেখো। *[প্রা.পি.স.প্র. ১৯]*

৭ জুন ২০২৬

প্রধান শিক্ষক
তারাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: দুই দিনের ছুটির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। আগামী ৯ ও ১০ জুন দুই দিনের জন্য আমি মায়ের সাথে মামার বাড়ি বেড়াতে যেতে চাই। কেননা আমার প্রবাসী মামা দীর্ঘদিন পর দেশে ফিরেছেন। তাই উক্ত দুই দিন আমার ছুটি প্রয়োজন।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, উক্ত দুই দিনের ছুটি প্রদান করতে আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক
দিনা রহমান
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ১
তারাটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৩ আন্তঃস্কুল ফুটবল ফাইনাল খেলা দেখার জন্য ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

৬ মার্চ ২০২৬

প্রধান শিক্ষক
মোহাম্মদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
ঢাকা

**বিষয়: ফাইনাল খেলা দেখার জন্য ছুটির আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আগামী ১০ মার্চ বেলা ৩টায় আমাদের বিদ্যালয় এবং ধানমন্ডি প্রাথমিক মডেল বিদ্যালয়ের মধ্যে আন্তঃস্কুল ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। খেলাটি দেখার জন্য আমরা অত্যন্ত আগ্রহী। কিন্তু আমাদের স্কুল চলাকালীন উক্ত খেলাটি উপভোগ করা আমাদের পক্ষে সম্ভব নয়।

অতএব নিবেদন, আপনি এই আনন্দদায়ক খেলাটি উপভোগের জন্য বিশেষ বিবেচনায় ছুটি মঞ্জুর করে বিদ্যালয়ের শিক্ষার্থীদের বাধিত করবেন।

নিবেদক
মোহাম্মদপুর সরকারি প্রাথমিক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষে
রাসেল হাসান



**প্রশ্ন-৪ মনে করো, তুমি রানা/ রানি। তুমি হরিণাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র/ ছাত্রী। তুমি তোমার বড়ো বোনের বিয়ে উপলক্ষ্যে ৩ দিনের ছুটি চেয়ে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।** *[প্রা.বি.স.প. ১৮]*

৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
হরিণাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: অগ্রিম ছুটির আবেদন।**

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ৫ম শ্রেণির একজন শিক্ষার্থী। আগামী ৭ ফেব্রুয়ারি আমার বড়ো বোনের শুভ বিবাহ। বিবাহের পূর্বে ও পরে পারিবারিক আনন্দ, বিনোদন এবং আনুষ্ঠানিকতায় অংশগ্রহণের জন্য আগামী ৬ থেকে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিত থাকতে পারব না।

অতএব অনুগ্রহপূর্বক প্রার্থনা আপনি আমার অগ্রিম ছুটি মঞ্জুর করে বাধিত করবেন।

নিবেদক
আপনার একান্ত অনুগত শিক্ষার্থী
রানা
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ১২
হরিণাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-৫ মনে করো, তোমার নাম ডালিম/ জবা। তুমি পলাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র/ ছাত্রী। তোমরা স্থানীয় শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত 'শিক্ষা উপকরণ মেলা' দেখতে যেতে চাও। চতুর্থ পিরিয়ডের পর যাওয়ার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।** *[প্রা.বি.স.প. ১৫]*

১৭ জুন ২০২৬

প্রধান শিক্ষক
পলাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: শিক্ষা উপকরণ মেলা পরিদর্শনের অনুমতির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। আমরা আমাদের বিদ্যালয়ের বাংলা শিক্ষকের মাধ্যমে জানতে পেরেছি, শিক্ষা অফিস চত্বরে 'শিক্ষা উপকরণ মেলা' আয়োজন করা হয়েছে। উক্ত মেলা পরিদর্শনে আমরা অত্যন্ত আগ্রহী। এতে আমাদের জ্ঞানের ভান্ডার আরও সমৃদ্ধ হবে। তাছাড়া প্রয়োজনীয় কিছু শিক্ষা উপকরণ সংগ্রহও করতে পারব।

অতএব আমাদের চতুর্থ পিরিয়ডের পর 'শিক্ষা উপকরণ মেলা' দেখতে যাওয়ার অনুমতি প্রদান করে বাধিত করবেন।

নিবেদক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষে
জবা
রোল নম্বর: ১
পলাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-৬ মনে করো, তোমার নাম সুমন/ সুমি। তুমি পদ্মাবতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। দ্বিতীয় পিরিয়ডের পর অসুস্থতার জন্য ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট আবেদনপত্র লেখো।** *[প্রা.বি.স.প. ১৮]*

২০ মার্চ ২০২৬

প্রধান শিক্ষক
পদ্মাবতী সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: দ্বিতীয় ঘণ্টার পর ছুটির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার স্কুলের পঞ্চম শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। আজ বিদ্যালয়ে উপস্থিত হওয়ার কিছুক্ষণ পর থেকে আমার প্রচণ্ড মাথাব্যথা শুরু হয়। বর্তমানে আমি খুব অসুস্থ বোধ করছি। আমার পক্ষে শ্রেণিকক্ষে পড়াশোনায় মনোযোগ দেওয়া সম্ভব হচ্ছে না।

অতএব আমার অসুস্থতার কথা বিবেচনা করে আমাকে দ্বিতীয় পিরিয়ডের পরে ছুটি দিতে জনাবের মর্জি হয়।

নিবেদক
আপনার একান্ত অনুগত শিক্ষার্থী
সুমন
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ২
পদ্মাবতী সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-৭ মনে করো, তুমি আদি/ আদিবা। তুমি ফুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। শারীরিক অসুস্থতার জন্য স্কুলে অনুপস্থিত থাকায় ছুটি চেয়ে প্রধান শিক্ষক বরাবর একটি আবেদনপত্র লেখো।**

৯ জুন ২০২৬

প্রধান শিক্ষক
ফুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়
বাগেরহাট

**বিষয়: ছুটির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। গত ৭ ও ৮ জুন শারীরিক অসুস্থতার কারণে বিদ্যালয়ে উপস্থিত থাকতে পারিনি। উক্ত অনুপস্থিতির জন্য ছুটি প্রদানের জন্য আবেদন জানাচ্ছি।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, উক্ত দুই দিনের ছুটি প্রদান করে বাধিত করবেন।

নিবেদক
আদিবা রহমান
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ৫
ফুলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাগেরহাট

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-৮ মনে করো, তুমি নাহিদ ইসলাম। তুমি খালেদ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় রামপুরার প্রথম শ্রেণির ছাত্র। তুমি তোমার বিদ্যালয়ের পরিচয়পত্র হারিয়ে ফেলেছ। নতুন পরিচয়পত্র দেওয়ার অনুরোধ করে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

১৫ অক্টোবর ২০২৬

প্রধান শিক্ষক
খালেদ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়
রামপুরা, ঢাকা

**বিষয়: নতুন পরিচয়পত্র প্রদান প্রসঙ্গে।**

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ৫ম শ্রেণির একজন নিয়মিত ছাত্র। গত শুক্রবার বাসা পালটানোর পর থেকে আমার পরিচয়পত্রটি আর কোথাও খুঁজে পাচ্ছি না। তাই জরুরিভিত্তিতে আমার পরিচয়পত্র প্রয়োজন।

অতএব আমাকে একটি নতুন পরিচয়পত্র প্রদান করতে আপনার মর্জি হয়।

নিবেদক
নাহিদ ইসলাম
শ্রেণি: পঞ্চম
রোল: ৩
খালেদ মেমোরিয়াল উচ্চ বিদ্যালয় রামপুরা, ঢাকা

**প্রশ্ন-৯ স্কুলে হাত ধোয়ার কর্মসূচি আয়োজন করার অনুরোধ জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

১২ অক্টোবর ২০২৬

প্রধান শিক্ষক
চরহোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া

**বিষয়: স্কুলে হাত ধোয়ার কর্মসূচি আয়োজন করার জন্য আবেদন।**

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। রোগবালাই থেকে মুক্ত থাকতে আমাদের সকলের উচিত নিয়মিত হাত ধোয়া। কিন্তু আমরা অনেকেই হাত ধোয়ার সঠিক নিয়ম জানি না। তাই আমাদের স্কুলে শিক্ষার্থীদের সঠিক পদ্ধতিতে হাত ধোয়া শেখানোর জন্য একটা কর্মসূচি আয়োজন করা দরকার। সেখানে শিক্ষকদের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা হাত ধোয়ার নিয়ম শিখবে।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, স্কুলে হাত ধোয়ার কর্মসূচি আয়োজন করার ব্যবস্থা করে বাধিত করবেন।

নিবেদক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষে
কামাল আহমেদ
রোল নম্বর: ১
চরহোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া

**প্রশ্ন-১০ মনে করো, তোমার নাম নাহিদা/ নাহিদ। তুমি পাটিকেলবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ের খেলাধুলার সামগ্রী ক্রয়ের অনুরোধ জানিয়ে প্রধান শিক্ষকের কাছে আবেদনপত্র লেখো।** *[প্রা.পি.স.প্র. ১৯]*

১৬ জুন ২০২৬

প্রধান শিক্ষক
পাটিকেলবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: খেলাধুলার সামগ্রী ক্রয়ের জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। আমাদের বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য সকল সুযোগ-সুবিধার ব্যবস্থা রয়েছে। কিন্তু বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ক্রিকেট খেলার সামগ্রীগুলো পুরোনো হয়ে গেছে। তাছাড়া খেলাধুলার সামগ্রীগুলোও প্রয়োজনের তুলনায় অপ্রতুল। তাই আমাদের জন্য কিছু ক্রিকেট খেলার সামগ্রী কেনা প্রয়োজন।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, আমাদের খেলাধুলার সামগ্রীগুলো কেনার জন্য আপনার একান্ত মর্জি হয়।

নিবেদক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষে
নাহিদা খাতুন
রোল নম্বর: ১
পাটিকেলবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-১১ মনে করো, তোমার নাম নিপা/ নজরুল। তুমি নবরূপ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট আবেদনপত্র লেখো।** *[প্রা.পি.স.প্র. ১৯]*

৮ জানুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
নবরূপ সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের অনুমতির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। আগামী ১০ জানুয়ারি বিদ্যালয় প্রাঙ্গণে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের কথা। সে অনুযায়ী সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। উক্ত অনুষ্ঠান আয়োজনের জন্য আপনার অনুমতি প্রয়োজন।

অতএব উক্ত অনুষ্ঠান আয়োজনের জন্য আপনার সদয় অনুমতি প্রার্থনা করছি।

নিবেদক
শিক্ষার্থীদের পক্ষে
নজরুল ইসলাম
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ১
নবরূপ সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-১২ মনে করো, তোমার নাম পিয়াস করিম। নতুন বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।**

১৪ জানুয়ারি ২০২৭

প্রধান শিক্ষক
মাগুরা জিলা স্কুল

**বিষয়: ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি রাজবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ২০২৬ সালে অনুষ্ঠিত বার্ষিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছি। এখন আমি আপনার বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক।

অতএব বিনীত নিবেদন, আমাকে উক্ত শ্রেণিতে ভর্তির অনুমতি দিয়ে বাধিত করবেন।

নিবেদক
আপনার একান্ত অনুগত
পিয়াস করিম

**সংযুক্তি:** ১. দুই কপি ছবি, ২. সমাপনী পরীক্ষার সনদপত্রের ফটোকপি

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-১৩ বিলম্বে বেতন পরিশোধের জরিমানা মওকুফের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

২৫ ফেব্রুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
ঝিকরগাছা বালক প্রাথমিক বিদ্যালয়
যশোর

**বিষয়: বিলম্বে বেতন পরিশোধের জরিমানা মওকুফের আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ৫ম শ্রেণির একজন শিক্ষার্থী। গত জানুয়ারি মাসে আমাদের পরিবারে নানা সমস্যা দেখা দেয় এবং খরচ বৃদ্ধি পায়। ফলে আমার বিদ্যালয়ের বেতন যথাসময়ে পরিশোধ করা সম্ভব হয়নি। দুই মাসের বেতন এবং জরিমানা একইসজো পরিশোধ করা আমার পিতার পক্ষে সম্ভব নয়।

অতএব আমাকে বিলম্বে বেতন দানের জরিমানা মওকুফ করে বকেয়া বেতন ও বর্তমান বেতন পরিশোধের বিশেষ অনুমতি দিলে বাধিত হব।

নিবেদক
আপনার একান্ত অনুগত শিক্ষার্থী
রবিন মিয়া
শ্রেণি: পঞ্চম
শাখা: ক
রোল নম্বর: ২৩
ঝিকরগাছা বালক প্রাথমিক বিদ্যালয়
যশোর

**প্রশ্ন-১৪ বিনা বেতনে পড়ার জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

৪ মার্চ ২০২৬

প্রধান শিক্ষক
প্রভাতী বিদ্যানিকেতন
দিলু রোড, মগবাজার, ঢাকা

**বিষয়: বিনা বেতনে পড়ার জন্য আবেদন।**

মহোদয়
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ৫ম শ্রেণির একজন শিক্ষার্থী। আমি গত দুই বছর শ্রেণিতে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছি। এই পর্যন্ত আমি প্রতিটি ক্লাসে প্রতি মাসে নিয়মিত বেতন পরিশোধ করে এসেছি। আপনাকে অবগত করছি আমার বাবা একজন নিম্ন বেতনভুক্ত সরকারি কর্মচারী। বর্তমানে আমার অসুস্থ দাদুর চিকিৎসাজনিত কারণে প্রচুর অর্থ খরচ করতে হচ্ছে। এই অবস্থায় আমার লেখাপড়ার খরচ চালানো তাঁর পক্ষে নিতান্তই কষ্টকর।

অতএব প্রার্থনা, অনুগ্রহপূর্বক আমাকে বিনা বেতনে পড়ার সুযোগ দান করে বাধিত করবেন।

নিবেদক
আপনার বিশ্বস্ত শিক্ষার্থী
সুরভি আনজুম
শ্রেণি: পঞ্চম
শাখা: ক, রোল নম্বর: ১
প্রভাতী বিদ্যানিকেতন
দিলু রোড, মগবাজার, ঢাকা

**প্রশ্ন-১৫ বিদ্যালয় হতে ছাড়পত্র পাওয়ার জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো।**

১৯ ফেব্রুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
নীলক্ষেত সরকারি প্রাথমিক বিদ্যালয়
ঢাকা

**বিষয়: ছাড়পত্র প্রদানের জন্য আবেদনপত্র।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের একজন নিয়মিত শিক্ষার্থী। আমার বাবা সরকারি চাকরি করেন বিধায় তাঁকে বিভিন্ন স্থানে বদলি হতে হয়। বর্তমানে তিনি ঢাকা থেকে কুমিল্লায় বদলি হয়েছেন। আমার বাবার এই বদলিজনিত কারণে আমাদের পরিবারকে ঢাকা থেকে কুমিল্লায় যেতে হচ্ছে। তাই আমাকেও এই বিদ্যালয় ছেড়ে কুমিল্লা চলে যেতে হবে এবং সেখানে একটি বিদ্যালয়ে ভর্তি হয়ে পড়ালেখা করতে হবে।

অতএব আমার উল্লিখিত বিষয় বিবেচনা করে আমাকে একটি ছাড়পত্র প্রদান করতে আপনার সদয় মর্জি হয়।

নিবেদক
আপনার একান্ত অনুগত শিক্ষার্থী
মো. নিজামউদ্দিন
শ্রেণি: পঞ্চম
রোল নম্বর: ২
নীলক্ষেত সরকারি প্রাথমিক বিদ্যালয়
ঢাকা

**প্রশ্ন-১৬ মনে করো, তোমার নাম শ্যামল/ শ্যামলী। তুমি সূর্যমুখী সরকারি প্রাথমকি বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র/ ছাত্রী। তোমার বিদ্যালয়ের খেলার মাঠ বৃষ্টি হলে পানিতে ডুবে যায়। এ অবস্থায় মাঠটি উঁচু করার ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানিয়ে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষ থেকে তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।** *[প্রা. স. প. ১৬]*

৮ জুলাই ২০২৬

প্রধান শিক্ষক
সূর্যমুখী সরকারি প্রাথমিক বিদ্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর

**বিষয়: খেলার মাঠ উঁচু করার ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন।**

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। জুলাই মাসের ২১ তারিখ থেকে আমাদের স্কুলে হতে যাচ্ছে আন্তঃবিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট। প্রতিবছর এটি আমাদের বিদ্যালয় ভবনের সামনের মাঠে অনুষ্ঠিত হয়। এখন বর্ষাকাল হওয়ায় বৃষ্টির পানি জমে মাঠটি খেলার অনুপযোগী হয়ে পড়েছে। এছাড়া সামান্য বৃষ্টিতেই মাঠটি তলিয়ে যায়।

অতএব আপনার কাছে বিনীত নিবেদন, স্কুল প্রাঙ্গণের খেলার মাঠটি উঁচু করার ব্যবস্থা গ্রহণ করে আমাদের কৃতজ্ঞ করবেন।

নিবেদক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষ থেকে
শ্যামল সরকার
রোল নম্বর: ৫
সূর্যমুখী সরকারি প্রাথমিক বিদ্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**প্রশ্ন-১৭ মনে করো, তুমি বাংলাবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। তোমার নাম কামাল/ কল্পনা। তুমি গল্প, রূপকথা, কবিতা পড়তে বেশ পছন্দ করো। তোমার বিদ্যালয়ের লাইব্রেরিতে অধিক সংখ্যক বই সরবরাহের আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।**

১৫ এপ্রিল ২০২৬

প্রধান শিক্ষক
বাংলাবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: বিদ্যালয়ের লাইব্রেরিতে অধিক সংখ্যক বই সরবরাহের জন্য আবেদন।**

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির একজন শিক্ষার্থী। আমাদের বিদ্যালয়টি এই এলাকায় স্বনামধন্য। বিদ্যালয়ে রয়েছে বড়ো একটি পাঠাগার। এই পাঠাগারে পাঠ্যবইয়ের সংখ্যা সন্তোষজনক হলেও পাঠ্যবই বহির্ভূত শিশুতোষ বইয়ের সংখ্যা খুবই কম। আমি ও আমার অন্যান্য সহপাঠী কিশোর গল্প, রূপকথার গল্প, কবিতাসহ নানারকম বই পড়তে পছন্দ করি। কিন্তু আমাদের বিদ্যালয়ের পাঠাগারে এ ধরনের পর্যাপ্ত বই নেই। তাই পাঠাগারে নিয়মিত আসার প্রতি অনেকেই আগ্রহ হারাচ্ছে।

অতএব বিদ্যালয়ের পাঠাগারে পর্যাপ্ত সংখ্যক কিশোর গল্প, রূপকথার গল্প ও কবিতার বই সরবরাহ করতে আপনার মর্জি হয়।

নিবেদক
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের পক্ষ থেকে
কল্পনা
রোল নম্বর: ৩
বাংলাবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়

**প্রশ্ন-১৮ মনে করো, তোমরা থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। অসহ্য গরমের কারণে সকালে ক্লাস শুরুর আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।**

২০ মে ২০২৬

প্রধান শিক্ষক
থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

**বিষয়: গরমের কারণে সকালে ক্লাস শুরুর জন্য আবেদন।**

জনাব
সবিনয় নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। গ্রীষ্মের এই দুপুরে অসহ্য গরমে শ্রেণিকক্ষে বসে পাঠ গ্রহণে আমরা খুবই কষ্ট বোধ করছি। এমতাবস্থায় সকাল সাতটা থেকে ক্লাস শুরু হলে আমরা গরমের এ কষ্ট থেকে অনেকাংশে মুক্তি পাব।

অতএব মহোদয়ের নিকট আমাদের প্রার্থনা, গ্রীষ্মকালীন সকাল সাতটা থেকে ক্লাস শুরু করার ব্যবস্থা গ্রহণ করে কৃতজ্ঞতা প্রকাশে বাধিত করবেন।

নিবেদক
থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের
পঞ্চম শ্রেণির শিক্ষার্থীবৃন্দ

**প্রশ্ন-১৯ তোমার গ্রামে একটি নলকূপ স্থাপনের আবেদন জানিয়ে কর্তৃপক্ষের কাছে একটি দরখাস্ত লেখো।**

১০ মার্চ ২০২৬

চেয়ারম্যান
সাহাপুর ইউনিয়ন
চাটখিল, নোয়াখালী

**বিষয়: নলকূপ স্থাপনের জন্য আবেদন।**

জনাব
আমরা সাহাপুর ইউনিয়নের বদরপুর গ্রামের অধিবাসী। আমরা বহুদিন যাবৎ পানীয় জলের অভাবে কষ্ট পাচ্ছি। এ গ্রামে প্রায় তিনশ পরিবার বসবাস করে। এখানে বিশুদ্ধ পানীয় জলের তেমন কোনো সুব্যবস্থা নেই। গ্রামের মানুষেরা পুকুরের পানি পান করে। ফলে অনেকে ডায়রিয়া ও কলেরায় আক্রান্ত হয়ে মারাও যায়।

আমাদের সবিনয় নিবেদন, জরুরিভিত্তিতে এ গ্রামে দুইটি নলকূপ বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে বাধিত হব।

নিবেদক
বদর গ্রামবাসীর পক্ষে
নাহিদা সুলতানা

**সুপার সাজেশন**

পরীক্ষার জন্য সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্ন— ৪, ৭, ৮, ১০, ১২, ১৯

## নিজেকে যাচাই করি: অথবা আবেদনপত্র লিখন

বৃত্তি পরীক্ষায় সাফল্য নিশ্চিত করতে হলে প্রতিটি প্রশ্নের ধরনে পূর্ণ নম্বর পাওয়ার চেষ্টা করতে হবে। অথবা প্রশ্নের ধরন ১৪-এ তোমার প্রস্তুতি কেমন হলো তা যাচাইয়ের জন্য এখানে বিভিন্ন অধ্যায়ের সমন্বয়ে ৬ সেট প্রশ্ন দেওয়া হয়েছে। তুমি নিজে নিজে পরীক্ষা দিয়ে 'উত্তরমালা'র সঙ্গে মিলিয়ে দেখো। যদি সবগুলোর উত্তর সঠিক না হয় তাহলে পূর্বের অংশটি পুনরায় অনুশীলন করো।

**সেট ১** বইমেলায় যাওয়ার জন্য সাময়িক ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখো। ৫

**সেট ২** আন্তঃস্কুল ফুটবল ফাইনাল খেলা দেখার জন্য ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো। ৫

**সেট ৩** মনে করো, তোমার নাম সুমন/ সুমি। তুমি পদ্মাবতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। দ্বিতীয় পিরিয়ডের পর অসুস্থতার জন্য ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট আবেদনপত্র লেখো। ৫

**সেট ৪** স্কুলে হাত ধোয়ার কর্মসূচি আয়োজন করার অনুরোধ জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লেখো। ৫

**সেট ৫** মনে করো, তোমার নাম পিয়াস করিম। নতুন বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো। ৫

**সেট ৬** মনে করো, তোমরা থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী। অসহ্য গরমের কারণে সকালে ক্লাস শুরুর আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো। ৫

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

**সেট ১** | পৃষ্ঠা ১০৭, প্রশ্ন নং ১। **সেট ২** | পৃষ্ঠা ১০৮, প্রশ্ন নং ৩। **সেট ৩** | পৃষ্ঠা ১০৮, প্রশ্ন নং ৬। **সেট ৪** | পৃষ্ঠা ১০৯, প্রশ্ন নং ৯।
**সেট ৫** | পৃষ্ঠা ১০৯, প্রশ্ন নং ১২। **সেট ৬** | পৃষ্ঠা ১১১, প্রশ্ন নং ১৮।

Visit Our Website: all.talukdaracademy.com.bd